



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৪৫/২২৭৫/৬

তারিখঃ ৬/১০/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

তাগিদ পত্র

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৪.০১৭৭.০০১.১৪.০০০১.১৮.৪৫৭; তারিখঃ ১৬/০৭/২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৪৫/২১৫৯/৩; তারিখঃ ১৯.০৪.২০১৮ খ্রিঃ
৩) স্মারক নং- ০৪.০১.০০০০.৬৪১.২৬.০০১.১৮-১২৫১৯; তারিখঃ ০৯/০৪/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন বড় রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসার শিক্ষক জনাব মোঃ নাসির উদ্দিন এর বিরুদ্ধে এসএসসি সার্টিফিকেট জাল করে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা সরকারি অর্থ আত্মসাৎ করেছেন মর্মে মোঃ মিজানুর রহমান কর্তৃক দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুন বাগিচা, ঢাকা কর্তৃক সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাটকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হলে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মোঃ নাসির উদ্দিন এর ০২ (দুই)টি ইনডেক্স নম্বর ও ০৩ টি জন্ম তারিখ রয়েছে।

বর্ণিত অবস্থায় একই ব্যক্তির ০২ (দুই)টি ইনডেক্স নম্বর ও ০৩ টি জন্ম তারিখ হওয়ার কারণ কি সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সুপারকে পুনরায় অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার, বড় রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- রাজাপুর, শরণখোলা, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৪৫/২২৭৫/৬

তারিখঃ ৬/১০/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৩. জনাব মোসাঃ মাহফুজা খাতুন, উপপরিচালক (অনু ও তদন্ত-১) ও সদস্য, যাচাই-বাছাই কমিটি-৩, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুন বাগিচা, ঢাকা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট।
৫. সভাপতি/সদস্যবৃন্দ, বড় রাজাপুর সালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- রাজাপুর, শরণখোলা, বাগেরহাট।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

স্বাঃ
৬/১০/২০১৮

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪